

Times Today BD

হিমেল আহমেদ অপ্পি | ঢাকা | 16 April, 2025

শরীয়তপুর সদর সাব রেজিস্ট্রার কার্যালয়ে বিভিন্ন অনিয়মের অভিযোগে অভিযান পরিচালনা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। এসময় দলিলের শ্রেণি পরিবর্তন করে রাজস্ব ফাঁকিসহ বেশ কিছু অনিয়ম উঠে আসে। বুধবার (১৬ এপ্রিল) দুপুরে দুদকের মাদারীপুর সমন্বিত জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আখতারুজ্জামানের নেতৃত্বে অভিযান পরিচালনা করা হয়।

তিনি জানান, শরীয়তপুর সদর সাব রেজিস্ট্রার কার্যালয়ে দলিলের শ্রেণি পরিবর্তন করে রাজস্ব ফাঁকি, দাতা গ্রহীতার নাম পরিবর্তন ও নকল উত্তোলনে অতিরিক্ত ফি আদায় করে থাকেন এমন অভিযোগ উঠে। পরে তারা নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে বুধবার দুপুরে অভিযান পরিচালনা করেন।

এসময় ২০২১ সালের একটি দলিলে ৩৮ লাখ ৮৩ হাজার ৫০৫ টাকা রাজস্ব ফাঁকি দেওয়ার বিষয়টি উঠে আসে। অনিয়মের উঠা অভিযোগগুলো খতিয়ে দেখছে দুদক। এ ঘটনায় দুদকের পক্ষ থেকে পরবর্তীতে ব্যবস্থা নেয়ার কথা জানানো হয়।

অনিয়ম সাব রেজিস্ট্রার অফিস দুদক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:50

URL: <https://timestodaybd.com/dhaka/24415907>